# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ তাবুক যুদ্ধ - নবম হিজরীর রজব মাসে (غـــزوة تبـــوك في رجب سنة ٩هـ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

১০. হামদান প্রতিনিধি দল (وَفْدُ هَمْدَان):

তাবুক যুদ্ধ হতে রাসূলুল্লাহ (ﷺ)_এর প্রত্যাবর্তনের পর ৯ম হিজরীতে এ প্রতিনিধিদল খিদমতে নাবাবীতে উপস্থিত হন। রাসূলুল্লাহ (ﷺ)_এর নিকট কিছু তথ্য জানতে চাওয়ার প্রেক্ষিতে তিনি তাঁদের একটি পত্র দেন এবং মালিক বিন নামাত্বকে (রাঃ) তাঁদের নেতা এবং তাঁদের সম্প্রদায়ের যারা মুসলিম হয়েছিলেন তাঁদের গভর্ণর নিযুক্ত করেন। অবশিষ্ট অন্যান্যদের নিকট ইসলামের দাওয়াত দেয়ার জন্য খালিদ (রাঃ)-কে প্রেরণ করেন। তিনি সেখানে ছয় মাস অবস্থান করেন এবং দাওয়াত দিতে থাকেন। কিন্তু লোকেরা ইসলাম গ্রহণ করে নি। অতঃপর নাবী কারীম (ﷺ) আলী বিন আবূ ত্বালিব (রাঃ)-কে সেখানে প্রেরণ করেন এবং খালিদকে মদীনায় ফেরত পাঠানোর পরামর্শ প্রদান করেন।

আলী (রাঃ) হামদান গোত্রের লোকজনদের নিকট রাসূলুল্লাহ (ﷺ)_এর পত্র পাঠ করে শোনান এবং ইসলামের দাওয়াত প্রদান করেন। এর ফলে তাঁরা সকলেই ইসলাম গ্রহণ করেন। আলী (রাঃ)-এর নিকট থেকে তাঁদের ইসলাম গ্রহণের সংবাদ প্রাপ্ত হয়ে রাসূলুল্লাহ (ﷺ) সিজদায় পতিত হন। অতঃপর মাথা উঠিয়ে বলেন,

(السَّلَامُ عَلٰى هَمْدَانَ، السَّلَامُ عَلٰى هَمْدَانَ)

‘হামদানের উপর শান্তি বর্ষিত হোক , হামদানের উপর শান্তি বর্ষিত হোক।’

Source — https://www.hadithbd.com/books/link/?id=6443

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন